উপজেলা পরিষদ কার্যালয়
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

## সেপ্টেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ৩০ সেপ্টেম্বর, ২০২১; সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন সাদেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' - তে সন্নিবেশিত করা হলো ঃ

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর সভাপতি উপজেলা নিবর্হী অফিসারকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত ও গৃহীত হয় এবং উপজেলার সকল বিভাগ/দপ্তর/সংস্থা ভিত্তিক উন্নয়ন কার্যক্রমের বিষয়ে নিম্নোক্ত ক্রমানুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ

০১। প্রকৌশল বিভাগ ঃ

১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সাতমোড়া ইউনিয়ন হতে একটি নতুন সড়কের তালিকা পাওয়া যায়। কিন্তু উক্ত জনগুরুত্বপূর্ন সড়কটি এলজিইডির তালিকাভূক্ত না হওয়ায় উন্নয়ন কাজ করা সম্ভব হচ্ছেনা।

এমতাবস্থায়,এলজিইডির তালিকাভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উপজেলা পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

সড়কের ধরণ ঃ উপজেলা সড়ক/ইউনিয়ন সড়ক/গ্রাম সড়ক টাইপ "বি"

| Name of Upazila | SL .No | Road ID | Road Classification | Road Name | Road Length (KM) |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| Nabinagar | 1 | 412855230 | VR-B | Satmora Union Health Center - Satmora Bazar Road | 0.200 km |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে উন্নয়নের স্বার্থে এলজিইডি'র তালিকা ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে অনুমোদন দেওয়া হল।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী।

২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (জাইকা) আওতায় নবীনগর উপজেলাধীন (১) বাঙ্গরা এম এবাদুল করিম উচ্চ বিদ্যালয় (২) থোল্লাকান্দি রাবেয়া মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয় (৩) বিদ্যাকুট অমর বহুমুখী উচ্চ বিদ্যালয় (৪) লাউর ফতেপুর তুজু মিয়া ইসলামিয়া অলিম মাদ্রাসা (৫) ইব্রামিপুর বহুমুখী উচ্চ বিদ্যালয় (৬) সাতগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় (৮) বড়াইল উচ্চ বিদ্যালয় (৯) শ্যামগ্রাম মোহিনী কিশোর স্কুল এন্ড কলেজ এবং (১০) মিরপুর উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ কাজ বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার মেসার্স এ,জেড ব্রাদার্স,দাতিয়ারা,সদর,ব্রাহ্মণবাড়িয়া যথাসময়ে কাজ আরম্ভ করে বিগত ০৫/০৯/২০২১ইং তারিখে আসবাবপত্র সরবরাহ সম্পন্ন করে চুড়ান্ত বিলের জন্য আবেদন করেছেন। কাজের চুক্তি মূল্য ১০৮৪৩৩৭.২৯ টাকা।

| বিবরণ | | পরিমান |
|---|---|---|
| (ক) মোট বিলের পরিমান | | ১০,৮৪,৩৩৭.০০ |

| | | | |
|---|---|---|---|
| (খ) ভ্যাট ১২% হারে কর্তন | ১,৩০,১২০.০০ | মোট কর্তন | ১,৬২,৬৫০.০০ |
| (গ) আয়কর ৩% হারে কর্তন | ৩২,৫৩০.০০ | | |
| নীট | | | ৯,২১,৬৮৭.০০ |

বর্ণিত প্যাকেজের বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রকল্পের (জাইকা) কর্তৃপক্ষের নিকট বিলটি প্রেরনের জন্য সদয় অনুমোদনের নিমিত্তে উল্লেখিত বিলটি সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্তঃ- সভায় বিস্তারিত আলোচনা শেষে উক্ত কাজের বিল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,২০২০-২০২১ ইং অর্থ বৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় বাস্তবায়নাধীন কাজের প্যাকেজসমূহ যথাক্রমে ০১,০৩,০৫,০৯,১৩.১৫,২৪,২৭,২৮, এবং ২৯ নং প্যাকেজগুলো অতি বৃষ্টি ও আগাম বর্ষার কারনে যথাসময়ে সমাপ্ত করা সম্ভব হয় নাই। স্কীমসমূহ সমাপ্তির স্বার্থে আগামী ৩০/০৩/২০২২ইং পর্যন্ত সময়সীমা বর্ধনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে উক্ত প্যাকেজের স্কীমসমূহ আগামী ৩০/০৩/২০২২ইং পর্যন্ত সময় সীমা বর্ধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নবীনগর জানান যে, ২০২১-২২ আর্থিক সালে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর)/ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসুচিসহ অন্যান্য প্রকল্প জেলা কর্ণধার কমিটিতে অনুমোদনের সাপেক্ষে বাস্তবায়িত হবে।

০৩। **স্বাস্থ্য বিভাগ** ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। উক্ত ভাইরাসের আক্রমণ হতে রক্ষা পেতে মাস্ক ও সেনিটাইজার ব্যবহারসহ সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ জানান।

০৪। **কৃষি বিভাগ** ঃ উপজেলা কৃষি কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে। রবি ২০২১-২০২২ মৌসুমের প্রণোদনা কর্মসূচি উপলক্ষে খামার যন্ত্রপাতি প্রকল্পের আওতায় হারভেস্ট ও মাড়াই যন্ত্র বিতরণ করা হয়েছে।

০৫। **প্রাথমিক শিক্ষা বিভাগ** ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

০৬। **প্রাণি সম্পদ বিভাগ** ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, নবীনগর সেপ্টেম্বর-২০২১ মাসের নিম্নরুপ বিভাগীয় কার্যক্রম সভায় উপস্থাপন করেন ঃ

| ক্রঃ নং | কার্যাবলীর বিবরণ | | বাৎসরিক লক্ষ্যমাত্রা | চলতি মাসে অর্জন | ১ লা জুলাই হতে বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত | অর্জন (%) |
|---|---|---|---|---|---|---|
| ১। | টিকা প্রদান ঃ | ক) গবাদি পশু | ৬৫,১০০ | ৭৮৬০ | ১৩৮০০ | ২১% |
| | | খ) হাঁস মুরগী | ৬,২৫,৮০০ | ৬৩৫০০ | ৭৯৭০০ | ১২.৭৪% |
| ২। | চিকিৎসা প্রদান ঃ | ক) গবাদি পশু | ৩১,৫০০ | ২৩৬৫ | ৭০৬০ | ২২.৪১% |
| | | খ) হাঁস মুরগী | ৩,৮৮,৫০০ | ৩৪১৫০ | ১০২১৫০ | ২৬.২৯% |
| ৩। | কৃত্রিম প্রজনন ঃ | | ১৩,৮৬০ | ১২৫৭ | ৩৮৩২ | ২৮% |
| ৪। | উৎপাদন ঃ | ক) ডিম | ৪ | .৩১ | .৯১ | ২২.৭৫% |
| | | খ) দুধ | .৫০ | .০৪১ | .১২৮ | ২৪.৮% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | গ) মাংস | .১৭ | .০০৯২ | .০২৮৩ | ১৬.৬৫% |
| ৫। | প্রশিক্ষন ঃ | ৬২৫ জন | ১৮০ | ১৮০ | ২৮.৮% |
| ৬। | রাজস্ব আয়ঃ | বর্তমান মাসে আয় | | ১লা জুলাই হতে বর্তমান মাস পর্যন্ত আয় | |
| | ক) টিকা বীজ বাবদ | ২৭,৬৫০/- | | ৩৭২৪০/- | |
| | খ) কৃত্রিম প্রজনন বাবদ | ৩৭,৭১০/- | | ১১৪৯৬০/- | |
| | গ) অন্যান্য (খামার রেজেস্ট্রেশন) | ১০৯২৫/- | | - | |
| | মোট ঃ | ৭৬২৮০/- | | ১৬০২৫০/- | |

০৭। **মৎস্য বিভাগ** ঃ উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উপলক্ষে আগামী ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ সারা দেশব্যাপী কার্যক্রমের অংশ হিসেবে নবীনগর উপজেলায় কার্যক্রম সম্পন্ন করা হবে।

০৮। **সমাজসেবা বিভাগ** ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নবীনগর তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

০৯। **পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর আগস্ট ২০২১ ও সেপ্টেম্বর ২০২১ মাসে পরিবার পরিকল্পনার বিভিন্ন সামগ্রী বিতরণ সংক্রান্ত বিবরণ সভায় উপস্থাপন করেন।

| মাস | প্রাতিষ্ঠানিক ডেলিভারী | খাবার বড়ি (সুখী) | খাবার বড়ি (আপন) | কনডম | ইনজেকটেবল (ভায়াল) | আই.ইউ.ডি (সংখ্যা) |
|---|---|---|---|---|---|---|
| আগস্ট ২০২১ | ৬৯ | ১২৪১৬ | ৪৭৫ | ১৯১৫২ | ১৫৪৯ | ৩৫ |
| সেপ্টেম্বর ২০২১ | ৮৫ | ১২০০৮ | ৫১১ | ১৯৪৭৮ | ১৬৪৩ | ৩৬ |

| মাস | ইমপ্ল্যান্ট (সংখ্যা) | ইসিপি | মিসো প্রোস্টল | স্থায়ী পদ্ধতি | | সি.এ.আর |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | |
| আগস্ট ২০২১ | ২৫ | ০৬ | ২৪৬ | ০২ | ১৬ | ৭০.১২% |
| সেপ্টেম্বর ২০২১ | ১১০ | ০৫ | ২৪১ | ০১ | ১৬ | ৭০.০৭% |

আগস্ট-২০২১ মাসের তুলনায় সেপ্টেম্বর-২০২১ মাসে খাবার বড়ি (আপন), ইনজেকটেবল, মহিলা বন্ধ্যাকরণ, ইসিপি, পুরুষ বন্ধ্যাকরণ, মিসোপ্রোস্টল ও প্রাতিষ্ঠানিক ডেলিভারী ইমপ্ল্যান্ট, আই.ইউ.ডি, এর অগ্রগতি হ্রাস পেয়েছে। খাবার বড়ি (সুখী), কনডম ও সি.এ. আর এর অগ্রগতি হ্রাস পেয়েছে।

১০। **যুব উন্নয়ন অধিদপ্তর** ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

১১। **মহিলা বিষয়ক অধিদপ্তর** ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেপ্টেম্বর ২০২১ মাসে নিম্নোক্ত কার্যক্রম চলমান আছে বলে জানান।

**(ক) ভিজিডি সংক্রান্ত ঃ** বরাদ্দ প্রদানসহ খাদ্য শষ্য বিতরণ কাজ তদারকী করা হচ্ছে।

**(খ) প্রশিক্ষণ সংক্রান্ত ঃ** মহামারী করোনা ভাইরাসের কারণে স্বাস্থ্য বিধি মেনে দুই ব্যাচে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।

**(গ) ক্ষুদ্র ঋণ সংক্রান্ত ঃ**

| | | |
|---|---|---|
| প্রাপ্ত ঋণ তহবিল | ঃ | ১৫,৫২,৫০৬/- |
| পর্যায়ক্রমে মোট ঋণ বিতরণ | ঃ | ১,১৪,৯০,০০০/- |
| খেলাপী ঋণের পরিমান | ঃ | ২,৩৭,২৫৭/- |
| মোট আদায় | ঃ | ১,০৯,৫৬,৪৫৫/- |

(ঘ) মাতৃত্ব ভাতা সংক্রান্ত ঃ চলমান আছে।

(ঙ) কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচি ঃ ২০২১-২০২২ অর্থবছরে নবীনগর পৌরসভায় কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ৫০ জনের বরাদ্দ পাওয়া সাপেক্ষে তালিকা চুড়ান্ত হয়েছে।

(চ) আইজিএ প্রকল্পঃ মহামারী করোনা ভাইরাসের কারণে স্বাস্থ্য বিধি মেনে দুই ব্যাচে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।

(ছ) কিশোর-কিশোরী ক্লাব : কার্যক্রম চলমান আছে।

(ছ) নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত ঃ এ উপজেলার ২১টি ইউনিয়নে নারী নির্যাতন রোধকল্পে কমিটি গঠন পুর্বক কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া বাল্য বিবাহ রোধসহ যৌতুক প্রথা রোধ কল্পে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে।

১২। **জনস্বাস্থ্য বিভাগ** ঃ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নবীনগর সভায় জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

১৩। **উপজেলা সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, নবীনগর সভায় জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

১৪। **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

১৫। **বিএডিসি বিভাগ(ক্ষুদ্র সেচ)ঃ** উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সভায় উপস্থিত না থাকায় আলোচনা হয়নি।

১৬। **পল্লী উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় আলোচনা হয়নি।

১৭। **বন বিভাগ** ঃ বিট অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

১৮। **উপজেলা খাদ্য বিভাগ** ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর বিভাগের তেমন কোন সমস্যা নেই তবে তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সঠিকভাবে চলমান আছে।

১৯। **ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, নবীনগর অঞ্চল অফিসঃ** স্বাভাবিক কার্যক্রম চলমান। গাছ কাটার জন্য সাময়িক বিদ্যুৎ বিচ্ছিন্ন করার জন্য আন্তরিকভাবে দুঃখিত।

২০। **নবীনগর পৌরসভা** ঃ কোন সমস্যা না থাকায় আলোচনা হয়নি।

২১। **পরিসংখ্যান বিভাগ: উপজেলা** পরিসংখ্যান কর্মকর্তা নবীনগর সভায় উপস্থিত না থাকায় আলোচনা হয়নি।

২২। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি:** কার্যক্রম সঠিকভাবে চলমান আছে বলে সভাকে অবহিত করেন।

২৩। আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক: আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া এর কোন সমস্যা না থাকায় আলোচনা হয়নি।

২৪। বিবিধ ঃ

১. জনাব মোহাম্মদ মনিরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ নবীনগর এর আগস্ট ২০২১ এর ভ্রমন বিবরণী অনুমোদিত হয় এবং ভ্রমন বিল মোট ১২,২৫০-(বার হাজার দুইশত পঞ্চাশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২. জনাব মোঃ জাকির হোসেন সাদেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীনগর এর আগস্ট ২০২১ এর ভ্রমন বিবরণী অনুমোদিত হয় এবং ভ্রমন বিল মোট ৫,৬০০/-(পাঁচ হাজার ছয়শত) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়

নির্বাহের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. জনাব শিউলী রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,নবীনগর এর আগস্ট ২০২১ এর ভ্রমন বিবরণী অনুমোদিত হয় এবং ভ্রমন বিল মোট-৫,৬০০/-(পাঁচ হাজার ছয়শত) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ জাকির হোসেন সাদেক
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নং-০৫.১২.০০৮৫.০১.০২.০০১.২১- ৫৪২ (৫০)

তারিখ ঃ ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৫, নবীনগর ও উপদেষ্টা, উপজেলা পরিষদ,নবীনগর।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৫। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

৬। জনাব ..........................................................................

(একরামুল ছিদ্দিক)
উপজেলা নির্বাহী অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া
ফোন ঃ ০৮৫২৫৭৫২২০
E-mail: unonabinagar1@gmail.com

পরিশিষ্ট-ক ও খ

সেপ্টেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত/অনুপস্থিতি বিবরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

| ক্র. | উপস্থিত সদস্য | ক্র. | অনুপস্থিত সদস্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর | ১) | উপজেলা কৃষি কর্মকর্তা, নবীনগর |
| ২. | মেয়র, নবীনগর পৌরসভা, নবীনগর | ২) | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, নবীনগর |
| ৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ৩) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ৪) | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, নবীনগর |
| ৫. | উপজেলা প্রকৌশলী (এলইজিডি), নবীনগর | ৫) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নবীনগর |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর | ৬) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নবীনগর |
| ৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নবীনগর | ৭) | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নবীনগর |
| ৮. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নবীনগর | ৮) | ফরেস্টার, বন ও নার্সারী নবীনগর |
| ৯. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, নবীনগর | ৯) | সহকারী প্রকৌশলী, ক্ষুদ্রসচে, বিএডিসি, নবীনগর |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার, নবীনগর | ১০) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নবীনগর |
| ১১. | উপজেলা সমবায় অফিসার, নবীনগর | ১১) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নবীনগর |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নবীনগর | ১২) | চেয়ারম্যান, কাইতলা দক্ষিন ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ১৩. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নবীনগর | ১৩) | চেয়ারম্যান, কাইতলা উত্তর ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ১৪. | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নবীনগর | ১৪) | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ১৫. | উপজেলা নির্বাচন কর্মকর্তা, নবীনগর | ১৫) | চেয়ারম্যান, লাউরফতেহপুর ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ১৬. | সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, নবীনগর | ১৬) | চেয়ারম্যান, ইব্রাহিমপুর ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ১৭. | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা, নবীনগর। | ১৭) | চেয়ারম্যান, শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ১৮. | চেয়ারম্যান, বিটঘর ইউনিয়ন পরিষদ, নবীনগর | ১৮) | চেয়ারম্যান, সাতমোড়া ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ১৯. | চেয়ারম্যান, জিনদপুর ইউনিয়ন পরিষদ, নবীনগর | ১৯) | চেয়ারম্যান, শ্যামগ্রাম ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ২০. | চেয়ারম্যান, শিবপুর ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২০) | চেয়ারম্যান, ছলিমগঞ্জ ইউনিয়ন পরিষদ, নবীনগর |
| ২১. | চেয়ারম্যান, বড়িকান্দি ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২১) | |
| ২২. | চেয়ারম্যান, বড়াইল ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২২) | |
| ২৩. | চেয়ারম্যান, নাটঘর ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২৩) | |
| ২৪. | চেয়ারম্যান, বিদ্যাকুট ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২৪) | |
| ২৫. | চেয়ারম্যান, নবীনগর পূর্ব ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২৫) | |
| ২৬. | চেয়ারম্যান, নবীনগর পশ্চিম ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২৬) | |
| ২৭. | চেয়ারম্যান, বীরগাঁও ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২৭) | |
| ২৮. | চেয়ারম্যান, রছুল্লাবাদ ইউনিয়ন পরিষদ, নবীনগর | ২৮) | |
| ২৯. | চেয়ারম্যান, রতনপুর ইউনিয়ন পরিষদ, নবীনগর | | |
| ৩০. | | | |
| ৩১. | | | |